গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭৮২

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১১ জুন ২০২৬

# বরাদ্দপত্র

০৭.০৬.২০২৬ তারিখে অনুষ্ঠিত বাসা বরাদ্দ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ঢাকার আজিমপুরস্থ জাজেস কোয়ার্টারে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের জন্য ৯০ টি ফ্ল্যাট সম্বলিত বহুতল আবাসিক ভবন এবং আজিমপুরস্থ পুরাতন জাজেস কোয়ার্টারের ভবনসমূহে নিম্ন-ছকে বর্ণিত কর্মকর্তাগণের নামের পাশে উল্লেখিত ফ্ল্যাট নিম্ন-বর্ণিত শর্তে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাঁদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো:

| ক্রম | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | বরাদ্দকৃত ফ্ল্যাট নম্বর |
|---|---|---|
| ১. | জনাব খোকন হোসেন<br>ডেপুটি রেজি: (যুগ্ম জেলা ও দায়রা জজ)<br>হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | বহুতল জাজেস কোয়ার্টার-এর ১৯/ডি |
| ২. | জনাব মোঃ আরিফুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব (সিভিল জজ)<br>নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | বহুতল জাজেস কোয়ার্টার-এর ৩/ডি |
| ৩. | মোছাঃ ফাতেমাতুজ্জোহরা<br>সহকারী সচিব (সিভিল জজ)<br>বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা | কনকচাঁপা-১০ |
| ৪. | জনাব মোঃ হাসান শাহাদাত<br>মেট্রোপলিটন ম্যাজি:, চীফ মেট্রো: ম্যাজি: কোর্ট, ঢাকা | করবী-৩ |

শর্তসমূহ :

১. এই বরাদ্দ দখল গ্রহণের তারিখ হতে কার্যকর হবে।

২. বরাদ্দকৃত ফ্ল্যাট সরকারি সম্পত্তি গণ্যে যথাযথ হেফাজত ও পরিচর্যা করতে হবে। বরাদ্দপত্রের আদেশ জারি হওয়ার পর হতে **১৫ (পনের) দিনের মধ্যে দখল গ্রহণের কপি আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।**

৩. বরাদ্দপ্রাপ্ত কোন কর্মকর্তা যদি কোন কারণে দখল বুঝে না পান/দখল গ্রহণ না করেন সেক্ষেত্রে **বরাদ্দপত্র জারির ১৫ (পনের) দিনের মধ্যে** অত্র বিভাগের বিচার শাখা-৫ বরাবর লিখিতভাবে অবহিত করতে হবে।

৪. বরাদ্দগ্রহীতাকে দখল গ্রহণের দিন হতে বরাদ্দগ্রহীতার অফিস মারফত বা হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে প্রতি মাসে বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানি বিলসহ অন্যান্য বিল ও সরকারি পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে।

৫. বরাদ্দগ্রহীতা অন্যত্র বদলী কিংবা চাকরী হতে অবসর গ্রহণ ইত্যাদি বাবদ বাসা হস্তান্তরের সময় সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ হতে রাষ্ট্রীয় পরিষেবা (প্রাসঙ্গিক সকল দাবী-দাওয়া/পাওনাদি পরিশোধপূর্বক) সংক্রান্ত বকেয়া না থাকার বিষয়ে না-দাবী সনদ বা ছাড়পত্র ও দখল হস্তান্তরের কপি গ্রহণ করে অত্র বিভাগের বাসা বরাদ্দ কমিটির মাননীয় সভাপতি বরাবর ও এ বিভাগের বিচার শাখা-৫ বরাবর প্রেরণ করতে হবে।

৬. বাতিলকৃত ফ্ল্যাটের ভাড়া কর্তনের প্রমাণক ও অন্যান্য পরিষেবা সংক্রান্ত বিল পরিশোধের কপি অত্র বিভাগের বিচার শাখা-৫ বরাবর জমা দিয়ে আইন ও বিচার বিভাগ থেকে না-দাবি সনদ/ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৭. ফ্ল্যাটের দখল বুঝে নেওয়ার সময় সকল বৈদ্যুতিক পাখা, ইলেকট্রিক ও অন্যান্য ফিটিংস বুঝে নিতে হবে।

৮. বরাদ্দগ্রহীতা ঢাকার বাইরে বদলি হলে চার্জ বুঝিয়ে দেওয়ার ৬০ (ষাট) দিনের মধ্যে অবশ্যই বাসার দখল কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে।

৯. ফ্ল্যাটের অংশবিশেষ অন্য কারো নিকট হস্তান্তর বা সাবলেট দেওয়া যাবে না।

১০. পরিশোধিত বিদ্যুৎ বিলের ফটোকপি প্রতি মাসে বাসা বরাদ্দ কমিটির নিকট জমা দিতে হবে। বরাদ্দপ্রাপ্ত বাসস্থানে বরাদ্দগ্রহীতার অবস্থানকালীন সময়ে বিদ্যুৎ/গ্যাস বিল বকেয়া থাকার তথ্য প্রমাণিত হলে বরাদ্দ বাতিল করা হবে।

১১. উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারি আবাসন সংক্রান্ত বিধিসমূহ এক্ষেত্রে প্রযোজ্য হবে।

১২. কর্তৃপক্ষ উপযুক্ত কারণে প্রদত্ত বরাদ্দ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ সাইফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭৮২/১(১১)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১১ জুন ২০২৬

**সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, ঢাকা।
৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। জনাব---------------------------------------------------------------------------বরাদ্দ গ্রহীতা
৭। চীফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮। চীফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার-----------------------------------------------------------
৯। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা
১০। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। অফিস কপি।

(মোঃ সাইফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)